

গঙ্গা নদীর পাড়ে চলছে পাটের আঁশ ছাড়ানোর কাজ। বুধবার মানিকচকে অরিন্দম বাগের তোলা ছবি।

## আদালতে ১০ টাকার স্ট্যাম্প পেপারের আকাল

# এসআইআর নিয়ে আতঙ্ক

**প্রসেনজিৎ সাহা**

**দিনহাটা, ৬ অগাস্ট :** নতুন ভোটার লিস্ট তৈরির জন্য বিহারে ইতিমধ্যে এসআইআর (স্পেশাল ইনটেনসিভ রিভিশন) শুরু হয়েছে। এবার পশ্চিমবঙ্গেও শুরু হতে পারে এসআইআর। সেই আতঙ্কে প্রয়োজনীয় কাগজে নিজের নামের বানান থেকে বাবার নামের বানান সংশোধন নিয়ে অ্যাফিডেভিট করতে রীতিমতো হুড়োহুড়ি পড়ে গিয়েছে দিনহাটা আদালতে। স্বাভাবিকভাবেই চাহিদা বাড়ছে ১০ টাকা মূল্যের স্ট্যাম্প পেপারের। কিন্তু আদালতে আসা সাধারণ মানুষের অভিযোগ, ভেন্ডারের কাছে গিয়ে মিলছে না সেই স্ট্যাম্প পেপার। বাধ্য হয়ে ২০ টাকা, নয়তো ৫০ টাকার স্ট্যাম্প পেপার কিনতে হচ্ছে। সমস্যা আজকের নয়, গত প্রায় এক মাস থেকে।



আইনজীবী নীহাররঞ্জন গুপ্তর মন্তব্য, 'গত কয়েকদিন এসআইআর আতঙ্কে অ্যাফিডেভিট করার হিড়িক পড়েছে। তাই হয়তো ১০ টাকা স্ট্যাম্প পেপারের একটা ঘাটতি পড়েছে। মানুষকে সমস্যায় পড়তে হচ্ছে।'

আরেক আইনজীবী কল্লোল রায়সিংহর বক্তব্য, ১০ টাকার স্ট্যাম্প পেপার নিয়ে প্রায়ই সংকট দেখা যায়। তবে গত একমাসে সেই সংকট প্রবল আকার ধারণ করেছে, ফলে অনেক ক্লায়েন্ট অভিযোগ করছেন। তাই ১০ টাকার স্ট্যাম্প পেপারের চাহিদার কথা মাথায় রেখে সরবরাহ নিয়ে প্রশাসনের ভাবা উচিত।

বুধবার আদালতে নিজের দরকারি কাজে ১০ টাকার স্ট্যাম্প পেপার কিনতে এসেছিলেন আজিজুল হক। ক্ষোভের সুরে বললেন, 'আমার প্রয়োজন ১০ টাকার স্ট্যাম্প পেপারের। ভেন্ডার বললেন সেটি নেই। এখন যদি ২০ বা ৫০ টাকার স্ট্যাম্প পেপার কিনতে হয়, তাহলে তো মহা সমস্যা।' স্বপন দেবনাথ নামে আরেক ব্যক্তিও একই অভিজ্ঞতার কথা শোনালেন।

> গত কয়েকদিন ধরে এসআইআর আতঙ্কে অ্যাফিডেভিট করার হিড়িক পড়েছে। তাই হয়তো ১০ টাকার স্ট্যাম্প পেপারের একটা ঘাটতি পড়েছে। মানুষকে সমস্যায় পড়তে হচ্ছে।
>
> **- নীহাররঞ্জন গুপ্ত**
> *আইনজীবী*

যদিও আদালতের এক ভেন্ডার অলোক বসুর বক্তব্য, সপ্তাহে দু'দিনে ২০০টি করে ১০ টাকার স্ট্যাম্প পেপার তাঁরা পেয়ে থাকেন। যা চাহিদার তুলনায় অনেকটাই কম। সে কারণে গত এক মাস থেকে ১০ টাকার স্ট্যাম্প পেপার নিয়ে একটা সমস্যা হচ্ছে। আকাল থাকায় সেটির বিক্রি নির্দিষ্ট সময়ের পর বন্ধ করে দিতে হচ্ছে।

এনিয়ে দিনহাটার ভারপ্রাপ্ত মহকুমা শাসক বিজয় গিরি বলেন, 'বিষয়টি নিয়ে ভেন্ডারদের সঙ্গে কথা বলা হবে। আশা করছি দ্রুত সমাধান হয়ে যাবে।'

# এনআরসি ইস্যুতে প্রধানের পাশে দল

**বুল নমদাস**

**নয়ারহাট, ৬ অগাস্ট :** এনআরসি সংক্রান্ত ব্যাপারে অসমের নলবাড়ি ফরেনার্স ট্রাইবিউনালের অফিস মাথাভাঙ্গার হাজরাহাট-২ গ্রাম পঞ্চায়েত প্রধানকে সাক্ষী হিসাবে সমন পাঠানোর বিষয়টি রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস ভালোভাবে নিচ্ছে না। ঘটনার প্রতিবাদে এবং দলের প্রধানের পাশে থাকার বার্তা দিতে বুধবার প্রধানের বাড়িতে আসেন তৃণমূলের কোচবিহার জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক, জেলা চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মন, দলের যুব শাখার জেলা সভাপতি স্বপন বর্মন, কমলেশ অধিকারী সহ একঝাঁক নেতা-কর্মী। তৃণমূল নেতারা প্রধানকে ট্রাইবিউনালের দপ্তরে হাজিরা না দেওয়ার নির্দেশ দিয়েছেন। অভিজিতের অভিযোগ, অসমের বিজেপি সরকার পরিকল্পিতভাবে বাংলায় আতঙ্ক তৈরির চেষ্টা করছে। এর বিরুদ্ধে বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

হাজরাহাটের দক্ষিণ ভাঙা মোড়ের বাসিন্দা মিনতি শীলশর্মার প্রায় ৪০ বছর আগে অসমে বিয়ে হয়েছিল। বিয়ের পর তাঁর নাম হয় মিনতি রায়। ২০১৫ সালে মিনতিকে এনআরসি'র নোটিশ পাঠায় অসমের নলবাড়ি ফরেনার্স ট্রাইবিউনালের দপ্তর। সেসময় মিনতি বাপের বাড়িতে এসে হাজরাহাট-২ গ্রাম পঞ্চায়েতের তৎকালীন প্রধানের কাছ থেকে রেসিডেন্ট সার্টিফিকেট নিয়ে গিয়ে ট্রাইবিউনালে জমা দেন। কিন্তু এরই মধ্যে অসমের ফরেনার্স ট্রাইবিউনাল সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধানকে তথ্য যাচাইয়ের জন্য চলতি মাসের ২৭ তারিখে সেখানে হাজিরা দেওয়ার সমন জারি করে। সমনের চিঠি নিয়ে মিনতির ছেলে হাজরাহাটে এলে বিষয়টি প্রকাশ্যে আসে। এতেই এলাকায় এনআরসি'র আতঙ্ক ছড়ায়। এদিন তৃণমূল নেতারা মিনতির বাপের বাড়িতেও যান।

# বাড়তি ফি'র সমস্যা মেটাতে ত্রিপাক্ষিক বৈঠক

**গৌরহরি দাস**

**কোচবিহার, ৬ অগাস্ট :** দীর্ঘদিন ধরেই কোচবিহার জেলা ব্যবসায়ী সমিতি ও পুরসভার মধ্যে একটা ঝামেলা চলছে। ট্রেড লাইসেন্স ও মিউটেশন ফি বাবদ কোচবিহার পুরসভা ব্যবসায়ীদের কাছ থেকে বেশি টাকা নিচ্ছে বলে একদিকে যেমন অভিযোগ উঠছে, তেমনি পুরসভার চেয়ারম্যানের বরাবরের দাবি, সরকারি নিয়ম মেনেই টাকা নেওয়া হচ্ছে। পরিস্থিতি এমন জায়গায় পৌঁছায় যে, বিষয়টি নিয়ে জেলা শাসককে তদন্ত করার কথাও বলেছিলেন মুখ্যমন্ত্রী। কিন্তু তারপরেও সমস্যার সুরাহা হয়নি। এই অবস্থায় বিষয়টি মীমাংসা করতে বুধবার পুরসভার বোর্ড মিটিংয়ে ত্রিপাক্ষিক বৈঠক করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এদিন বোর্ড মিটিংয়ে কাউন্সিলাররা ব্যবসায়ীদের অভিযোগ ও রাজ্যের চিঠির বিষয়টি তুলে ধরেন। সেসময় আগামী সাত-দশ দিনের মধ্যে ত্রিপাক্ষিক বৈঠক করার সিদ্ধান্ত হয়। ওই বৈঠকে জেলা ব্যবসায়ী সমিতির প্রতিনিধি, জেলা শাসকের প্রতিনিধি ও পুরসভার কাউন্সিলাররা থাকবেন বলে জানা গিয়েছে।

পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, 'ব্যবসায়ীদের সঙ্গে একটা ভুল বোঝাবুঝি হয়েছে। ত্রিপাক্ষিক বৈঠক করে সব পক্ষের কথা শুনে সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।'

পাশাপাশি অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধির দাবিতে পুরসভার তৃণমূল শ্রমিক সংগঠন বেশ কিছুদিন ধরে পুরসভায় লাগাতার আন্দোলন চালিয়ে আসছে। সেই বিষয়টি এদিনের বোর্ড মিটিংয়ে তোলা হয়। তাতে ঠিক হয়, আগামী বোর্ড মিটিংয়ে অ্যাজেন্ডা করে বিষয়টি নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। এছাড়া, শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে পুরসভার কনজারভেন্সি স্ট্যান্ডিং কমিটি যে

**উদ্যোগ**

- বোর্ড মিটিংয়ে কাউন্সিলাররা ব্যবসায়ীদের অভিযোগ ও রাজ্যের চিঠির বিষয়টি তুলে ধরেন
- আগামী দশদিনের মধ্যে ত্রিপাক্ষিক বৈঠক করার সিদ্ধান্ত হয়
- বৈঠকে জেলা ব্যবসায়ী সমিতির প্রতিনিধি, জেলা শাসকের প্রতিনিধি ও পুরসভার কাউন্সিলাররা থাকবেন

আড়াই কোটি টাকার সামগ্রী কেনার সিদ্ধান্ত নিয়েছিল, বোর্ড মিটিংয়ে তা পাশ হয়। এদিন মিটিংয়ে দুই-তিনজন বাদে পুরসভার সমস্ত কাউন্সিলারই উপস্থিত ছিলেন।

রবীন্দ্রনাথের কথায়, 'অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধির বিষয়টি নিয়ে আগামী বোর্ড মিটিংয়ে অ্যাজেন্ডা করে আলোচনা হবে। বেতন বাড়াতে হলে আয়ও বাড়াতে হবে। সেইসব বিষয় নিয়েই সেদিন আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।'

ট্রেড লাইসেন্স ও মিউটেশন ফি বাবদ ব্যবসায়ীদের থেকে পুরসভা বেশি টাকা নিচ্ছে বলে অভিযোগ জানিয়ে আসছে কোচবিহার জেলা ব্যবসায়ী সমিতি। সম্প্রতি ব্যবসায়ী সমিতি জেলা প্রশাসনের কাছে এই নিয়ে অভিযোগ জানায়। জেলা শাসকের দপ্তরের তরফে পুরসভার বিরুদ্ধে ব্যবসায়ীদের অভিযোগ আবার রাজ্যের কাছে পাঠানো হয়। বিষয়টি নিয়ে গত ৩১ জুলাই রাজ্যের বিশেষ সচিব কোচবিহার পুরসভার চেয়ারম্যানকে আবার চিঠি পাঠান। চিঠিতে পুরসভার চেয়ারম্যানকে পরিষ্কার বলা হয়েছে, সরকারের বেঁধে দেওয়া নিয়মেই ব্যবসায়ীদের কাছ থেকে ট্রেড লাইসেন্স ও মিউটেশন ফি বাবদ টাকা নিতে হবে। তবু সমস্যার সমাধান না হওয়ায় অর্থ সংগ্রহ বন্ধই রয়েছে।

পুরসভার কাউন্সিলার তথা তৃণমূলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক (হিপ্পি) বলেন, 'ব্যবসায়ীদের সঙ্গে একটা সমস্যার কারণে মিউটেশন, ট্রেড লাইসেন্সের ফি বাবদ অর্থ সংগ্রহ করা বন্ধ হয়ে রয়েছে। টাকা নেওয়া যাচ্ছে না। ত্রিপাক্ষিক বৈঠক করে তা সমাধান করে আয় বাড়াতে হবে। আয় বাড়িয়ে অস্থায়ী কর্মীদের বেতন বাড়ানোর দিকে এগোতে হবে।'



বাজারের যত্রতত্র পড়ে রয়েছে আবর্জনা। সংবাদচিত্র

# দুর্গন্ধে টেকা দায় নিগমনগর বাজারে

**শুভদীপ চক্রবর্তী**

**দিনহাটা, ৬ অগাস্ট :** চরম অবহেলায় ধুঁকছে দিনহাটার গুরুত্বপূর্ণ নিগমনগর বাজার। কোথাও ফুটো হয়ে গিয়েছে টিনের শেড, আবার কোথাও আবর্জনা জমে দুর্গন্ধের সৃষ্টি হয়েছে। দীর্ঘ ১০ বছরেও বাজারে কোনওরকম মেরামতি না হওয়ার কারণে কার্যত নরকে পরিণত হয়েছে বাজারটি। নিগমনগরে একদিকে রয়েছে সুপার মার্কেট, অন্যদিকে রয়েছে মাছ বাজার। দুই বাজারের বেহাল দশায় ক্ষুব্ধ বাজারের ব্যবসায়ী থেকে শুরু করে স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, একাধিকবার বাজারের সংস্কারের দাবিতে কর্তৃপক্ষকে জানানো সত্ত্বেও কোনওরকম সদুত্তর পাওয়া যায়নি।

৩২টি স্টল নিয়ে তৈরি হয়েছে এই সুপার মার্কেটটি। সেই সুপার মার্কেটের কয়েকটি স্টলে ব্যবসায়ীরা বসলেও অধিকাংশ স্টলই বন্ধ। বন্ধ স্টলগুলি বেহাল হয়ে থাকার কারণে তা বন্ধ হয়ে পড়েছে। পাশাপাশি, বেহাল অবস্থায় পড়ে রয়েছে নিগমনগরের মাছ বাজার। যত্রতত্র পড়ে রয়েছে আবর্জনা। আর তা থেকেই ছড়াচ্ছে দুর্গন্ধ। শুধু তাই নয়, ওই বাজারের কোথাও কোথাও ভেঙে গিয়েছে টিনের চাল। ফলে বৃষ্টি হলেই জল জমে বাজারে।

এই অবস্থায় বাজারে সেভাবে আসেন না ক্রেতারা। জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে থাকা বাজারের এই দশায় চিন্তিত ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের অভিযোগ, বারবার নিয়ন্ত্রিত বাজার সমিতি, দিনহাটা মহকুমা প্রশাসন এমনকি জেলা প্রশাসনের কাছেও অভিযোগ জানানো হয়েছে। তা সত্ত্বেও কোনও সুরাহা হয়নি। বাজার কবে সংস্কার হবে? সেই প্রশ্ন তুলেছেন ব্যবসায়ীরা।

নিগমনগর মাছ বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি সুবোধ দাসের কথায়, 'কোচবিহার জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে রয়েছে এই বাজার। আবর্জনা দীর্ঘদিন ধরে সাফাই হয় না। সংশ্লিষ্ট প্রশাসনকে বিষয়টি জানানো হয়েছে। আমরা চাই, দ্রুত বাজারটি সংস্কার করা হোক এতে ব্যবসায়ী ও ক্রেতা সকলেরই উপকার হবে।' নাকে রুমাল চাপা দিয়ে বাজার করতে যেতে হয় বলে জানান এলাকার বাসিন্দা অমরেন্দ্র দেবনাথ।

দিনহাটা মহকুমা ব্যবসায়ী সমিতির সম্পাদক রানা গোস্বামী বলেন, 'বাজারে ব্যবসা করার পরিবেশ নেই। দ্রুত ওই বাজার সংস্কার করে ব্যবসা করার পরিবেশ ফিরিয়ে আনা হোক।' কোচবিহার জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির সচিব দেবনাথ মণ্ডলকে ফোন করা হলে মিটিংয়ে ব্যস্ত থাকার কারণে কোনওরকম প্রতিক্রিয়া দিতে চাননি।

# ২২ বছর পর বাড়ি ফিরলেন রেজাউল

## সৌজন্যে হরিয়ানা পুলিশ

**ঘোকসাডাঙ্গা, ৬ অগাস্ট :** বাংলা ও বাঙালির অপমান নিয়ে যখন দিল্লি, হরিয়ানা, পঞ্জাব, উত্তরপ্রদেশ সহ বিভিন্ন রাজ্য তোলপাড়, তারই মাঝে অন্য এক নজির গড়ল হরিয়ানার পুলিশ। তাদের সৌজন্যেই ২২ বছর পর বাড়ি ফিরলেন মাথাভাঙ্গা-২ ব্লকের উনিশবিশার রেজাউল আলম। ২০০৩ সালে তিনি বাড়ি ছেড়ে চলে গিয়েছিলেন। সম্প্রতি হরিয়ানার ফরিদাবাদ জেলার নিট থানার পুলিশ বাংলাদেশি সন্দেহে রেজাউলকে আটক করেছিল। পুলিশকে তিনি জানান, তাঁর ভোটার কার্ড সহ বিভিন্ন পরিচয়পত্র হারিয়ে গিয়েছে। তিনি কোচবিহারের মাথাভাঙ্গা-২ ব্লকের ঘোকসাডাঙ্গা থানা এলাকায় বাসিন্দা।

রেজাউলের থেকে তথ্য জেনে হরিয়ানা পুলিশ এরপর ঘোকসাডাঙ্গা থানার পুলিশের সঙ্গে যোগাযোগ শুরু করে। ঘোকসাডাঙ্গা থানা শেষমেশ রেজাউলের পরিবারকে খুঁজে বের করে। এরপর ফরিদাবাদ জেলাতে কর্মরত রেজাউলের এক আত্মীয়ের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি থানায় যান। হরিয়ানা পুলিশ নিয়ম মেনে রেজাউলকে সেই আত্মীয়ের হাতে তুলে দেয়। পরে রেজাউলের ছোট ভাই কাদের আলি হরিয়ানায় গিয়ে ২২ বছর পর দাদাকে নিয়ে মঙ্গলবার বাড়ি ফেরেন।



মাথাভাঙ্গা-২ ব্লকের উনিশবিশা গ্রাম পঞ্চায়েতের পাটকামারি এলাকার রেজাউল যখন বাড়ি ছেড়ে গিয়েছিলেন, তখন তাঁর বয়স ২৫। তারপর থেকে পরিবারের সঙ্গে তাঁর আর কোনও যোগাযোগ ছিল না। এদিন বাড়ি ফেরার পরে রেজাউল বলেছেন, 'আমাকে জুলাই মাসে হরিয়ানার পুলিশ বাংলাদেশি সন্দেহে আটক করেছিল। আমি এতদিন নির্মাণকাজে একজন সহকারী হিসাবে কাজ করতাম।' অন্যদিকে, এতদিন কেন বাড়ি ফেরেননি তা জানতে চাইলে উত্তরে জানালেন, তাঁর কাছে কোনও বৈধ কাগজপত্র ছিল না। এছাড়া পরিবারের কারও সঙ্গে যোগাযোগও ছিল না। তাই বাড়ি ফেরা সম্ভব হয়নি। এদিকে, ২২ বছর পর দাদাকে ফিরে পেয়ে রেজাউলের ভাই কাদের আলি, আস্কার আলিরা উচ্ছ্বসিত।

# গণকনভেনশন

**নিশিগঞ্জ, ৬ অগাস্ট :** নিশিগঞ্জ মধুসূদন হোড় মহাবিদ্যালয়কে সরকার পোষিত করার দাবিতে বুধবার সন্ধ্যায় এক গণকনভেনশনের আয়োজন করে স্থানীয় নাগরিক সমাজ। নিশিগঞ্জ হাইস্কুলে আয়োজিত এই সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন বাম মন্ত্রী অনন্ত রায়, কলেজের টিচার ইনচার্জ প্রলয় নাগ, আইনজীবী দিলীপ বর্মন প্রমুখ। বক্তারা কলেজের বর্তমান পরিস্থিতির চিত্র তুলে ধরে বলেন, শিক্ষক ও শিক্ষাকর্মীরা বেতন না পেয়ে বহুদিন ধরে কর্মবিরতিতে রয়েছেন। এতে কলেজ কার্যত অচল হয়ে পড়েছে। নতুন শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়া অনিশ্চয়তায় পড়েছে। অনন্ত বলেন, 'গণ আন্দোলন করে কলেজকে সরকার পোষিত করার দাবি আদায় করতে হবে।'

# ছোরা নিয়ে স্কুলে ২ নাবালক

## সহপাঠীকে 'শায়েস্তা'র অভিসন্ধি

**রাজগঞ্জ, ৬ অগাস্ট :** সহপাঠীর সঙ্গে ঝগড়া। তার থেকে ঘটনা গড়ায় হাতাহাতির দিকে। তবে শারীরিক শক্তিতে না পেরে ওঠায়, 'শায়েস্তা' করতে অন্য উপায় খুঁজে নেয় অষ্টম শ্রেণির নাবালক পড়ুয়া। ডেকে আনে পাড়ার এক বন্ধুকে। তবে খালি হাতে নয়, ছোরা নিয়ে ওই দুজন ঢুকে পড়ে স্কুলে।

খালপাড়া গ্রামের ওই দুই নাবালক একসময় সহপাঠী ছিল। কিন্তু ষষ্ঠ শ্রেণিতে সে লেখাপড়ার পাঠ চুকিয়ে দিয়েছে। তার বাবা ভিনরাজ্যে কাজ করেন। সেই সুযোগে সে এখন কার্যত বাড়ির 'বস'। এই রকম একজন বন্ধুকে ডেকে নিয়ে এসে বর্তমান সহপাঠীকে শায়েস্তা করতে চায় অষ্টম শ্রেণির ছাত্রটি। বরাতজোরে শিক্ষকদের নজরে পড়ে যায় তারা। দুই নাবালকের এমন কাণ্ডে অবাক স্কুল কর্তৃপক্ষ।

ছোরা নিয়ে স্কুলে ঢোকা বহিরাগত ওই নাবালককে একটি ঘরে আটকে রেখে তাঁরা পুলিশে খবর দেন। খবর দেওয়া হয় দুই নাবালকের অভিভাবকদেরও।

ঘটনাস্থলে পৌঁছোয় কুকুরজান আউটপোস্টের পুলিশ। দুই নাবালককে উদ্ধার করে বিশদে জিজ্ঞাসাবাদ করতে গিয়ে উঠে আসে চাঞ্চল্যকর এই কাহিনী। কেন এমন চরম প্রতিহিংসার মানসিকতা দানা বাঁধল শিশুমনে? সবার অলক্ষে উদ্দেশ্য সফল করতে গেলে কী ভয়ানক পরিণতি হতে পারত- ভেবে শিউরে উঠছেন শিক্ষকরা।

অষ্টম শ্রেণির ছাত্রের বাবাকে এবং ষষ্ঠ শ্রেণিতে পড়াশোনা ছেড়ে দেওয়া নাবালকের অভিভাবক হিসেবে আসা তার জ্যাঠাকে ঘটনার গুরুত্ব বুঝিয়ে বলা হয়। এরপর ওই দুই নাবালকের অভিভাবক স্কুল কর্তৃপক্ষের কাছে মুচলেকা দিয়ে তাদেরকে বাড়ি নিয়ে যান।

# কমল গুহর প্রয়াণ দিবস

**দিনহাটা, ৬ অগাস্ট :** বুধবার দিনহাটায় শ্রদ্ধার সঙ্গে পালিত হল রাজ্যের প্রাক্তন কৃষিমন্ত্রী এবং ফরওয়ার্ড ব্লক নেতা কমল গুহের ১৯তম প্রয়াণ দিবস। বিকেলে শহিদ হেমন্ত বসু কর্নারে কমল গুহ স্মৃতিরক্ষা কমিটির উদ্যোগে পালিত হয় তাঁর প্রয়াণ দিবস। প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান ছেলে উদয়ন গুহ। শ্রদ্ধা নিবেদন করেন কমিটির সভাপতি বিদ্যুৎকমল সাহা, দিনহাটা পুরসভার চেয়াপার্সন অপর্ণা দে নন্দী, ভাইস চেয়ারম্যান সাবীর সাহাচৌধুরী সহ অন্যরা। এছাড়াও একাধিক ক্লাব ও স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে কমল গুহের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

ফরওয়ার্ড ব্লকের কর্মী-সমর্থকরা দিনহাটার নাজিরহাট, সাহেবগঞ্জ, বামনহাট ও পেটলায় দিনটি পালন করেন। ফরওয়ার্ড ব্লক নেতা বিকাশ মণ্ডল, শ্যামল ধর জানান, দিনহাটা সহ কোচবিহার জেলার সর্বত্র যথাযোগ্য মর্যাদায় কমল গুহর প্রয়াণ দিবস পালিত হয়েছে। আজও রাজনীতিতে তিনি কতটা প্রাসঙ্গিক নবীনদের সামনে তা তুলে ধরা হয়।




# বন্ধ পার্কে বালি-পাথর মজুতে ক্ষোভ

**হীতেন বর্মন**

**সিতাই ৬ অগাস্ট :** উদ্যান বলতে সিতাইয়ে একটিমাত্র স্থানই আছে। যা হল সতী বেহুলা পার্ক। কিন্তু আফসোসের বিষয়, পার্কটি গত ১০ বছর ধরে বন্ধ রয়েছে। কবে খুলবে, তার ঠিক নেই। একে তো বন্ধ পার্ক, তার ওপর বর্তমানে সিতাই বাজার থেকে বরথর পর্যন্ত ১০ কিমি রাস্তা প্রশস্ত ও সংস্কারকাজের বালি-পাথর সহ নানা সরঞ্জাম সেখানে রাখায় পার্কটির অস্তিত্ব আরও সংকটের মুখে। বন্ধ পার্ককে রাস্তার কাজের সামগ্রী রাখার স্থান হিসেবে ব্যবহার করায় স্থানীয়রা বেজায় ক্ষুব্ধ। যাঁরা পার্কটির জন্য জমি দান করেছিলেন, তাঁরা ক্ষোভে জমি ফেরত দেওয়ার দাবি জানিয়েছেন।



সতী বেহুলা পার্কের বর্তমান হাল। -সংবাদচিত্র

২০০৬ সালে সিতাইয়ের তৎকালীন বিডিও অশ্বিনীকুমার রায়ের উদ্যোগে সিতাই-১ গ্রাম পঞ্চায়েতের পিরপাল গ্রামে সতী বেহুলা পার্ক চালু হয়। কাজ পাওয়ার শর্তে তিনজন পার্কের জন্য জমি দান করেছিলেন। পার্ক চালুর পর তাঁরা কাজও পেয়েছিলেন। তবে কয়েকবছর চলার পর বছর ২০১৫ সাল নাগাদ পার্কটি বন্ধ হয়ে যায়। যদিও জমিদাতারা ফের পার্ক চালু হবে এবং তাঁরা কাজ ফিরে পাবেন বলে আশায় আছেন। কিন্তু রাস্তার কাজ তাঁদের সেই আশায় যেন জল ঢেলে দিচ্ছে।

২০ এপ্রিল ২০২৫ সিতাই বাজার থেকে বরথর পর্যন্ত রাস্তা প্রশস্ত ও সংস্কারের কাজ চালু হয়। রাস্তায় নির্মাণসামগ্রী ও বিভিন্ন ধরনের যানবাহন রাখার জন্য পার্কের শেষ চিহ্নটুকু মুছে যেতে বসেছে। পার্কের জমিদাতা সুভাষ দাস বলেন, 'আমরা চাই পার্কটা আবার নতুন করে গড়ে উঠুক। এতদিন ভেবেছিলাম পার্কটি সংস্কার হবে, কাজ পাব। কিন্তু এখন দেখা যাচ্ছে, রাস্তার নির্মাণকাজের সামগ্রীর চাপে পার্কটাই উঠে যেতে বসেছে। এসব বালি-পাথর এখনই সরিয়ে নেওয়া হোক। আর যদি পার্ক না চলে, আমাদের জমি ফেরত দেওয়া হোক।'

কেন বন্ধ হয়েছিল পার্কটি? সিতাই পঞ্চায়েত সমিতির সভাপতি স্বপন দাস জানালেন, 'পার্কটি একসময় বিনোদনের জন্য তৈরি হলেও মানুষের বিশেষ আগ্রহ ছিল না। ফলে টিকিট বাবদ আয় হত না। ফলে জমিদাতাদের পারিশ্রমিক ঠিকমতো মিলত না। ধীরে ধীরে পার্কটি অবহেলিত হয়ে পড়ে। বর্তমানে নির্মাণ সংস্থা পার্ক এলাকা ফাঁকা পেয়ে সাময়িকভাবে নির্মাণসামগ্রী রাখছে। তবে যদি সাধারণ মানুষ চান, প্রশাসনের তরফে পার্কটি সংস্কার করার উদ্যোগ নেওয়া হবে।' রাস্তা নির্মাণ সংস্থার কর্তৃপক্ষের সঙ্গে এব্যাপারে যোগাযোগের চেষ্টা করা হলে, কেউ মুখ খুলতে রাজি হননি।

## টুকরো খবর

### দাবি

**কোচবিহার, ৬ অগাস্ট :** সংস্থার অস্থায়ী কনডাক্টর ও মেকানিকদের বেতন বৃদ্ধি, কর্মীদের পদোন্নতি, শূন্যস্থানে কর্মী নিয়োগ সহ বিভিন্ন দাবিদাওয়া নিয়ে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চেয়ারম্যানের দ্বারস্থ হল সিপিএমের শ্রমিক সংগঠন সিটু। নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়ের সঙ্গে আলোচনার পর তারা দাবিপত্র তুলে দেয়। অপরদিকে, কংগ্রেসের শ্রমিক সংগঠনের তরফেও একই ইস্যুতে দাবিপত্র তুলে দেওয়া হয়।

### পুলিশি অভিযান

**দিনহাটা, ৬ অগাস্ট :** দিনহাটা নিগমনগর নিগমানন্দ সারস্বত বিদ্যালয়ের কাছে বুধবার তামাকজাত দ্রব্যের বিরুদ্ধে অভিযান চালাল দিনহাটা থানার পুলিশ। এদিন একাধিক দোকানে গিয়ে তামাকজাত দ্রব্য উদ্ধার করে পুলিশ। পুলিশ জানতে পারে, স্কুল সংলগ্ন একটি বাড়িতে ছাত্রদের তামাকজাত দ্রব্য সেবনের জন্য বসার ব্যবস্থা করে দেওয়া হয়েছিল। এই কথা জানতে পেরে পুলিশ অভিযান চালায়।

### আন্দোলন

**কোচবিহার ও তুফানগঞ্জ, ৬ অগাস্ট :** রাজ্যের বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে হামলার প্রতিবাদে বুধবার কোচবিহার, তুফানগঞ্জ, মাথাভাঙ্গা শহরে পথ অবরোধ করল বিজেপি। বুধবার বিকেলে মরাপোড়া চৌপথিতে বেশ কিছুক্ষণ অবরোধ করা হয়। দোষীদের কঠোর শাস্তির দাবি তোলেন আন্দোলনকারীরা। এদিকে, তুফানগঞ্জে মহকুমা শাসকের দপ্তরের সামনে রাস্তা আটকে প্রায় কুড়ি মিনিট বিক্ষোভ দেখানো হয়।

### ১৪ দফা দাবি

**তুফানগঞ্জ, ৬ অগাস্ট :** অঙ্গনওয়াড়ি কর্মীদের স্থায়ীকরণ, ৫জি মোবাইল ফোনের দাবি সহ মোট ১৪ দফা দাবিতে পশ্চিমবঙ্গ রাজ্য অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা সমিতি তুফানগঞ্জ শাখার তরফে সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের অফিসে বুধবার স্মারকলিপি জমা দেওয়া হল। সমিতির জেলা সভানেত্রী রুমিচা ভুঁইয়া বিবি জানান, দাবিদাওয়া না মানলে আন্দোলনে নামবেন তাঁরা।

### বৈঠক

**পারডুবি, ৬ অগাস্ট :** মাথাভাঙ্গা-২ ব্লকের পারডুবিতে মঙ্গলবার রাতে বৈঠক করল জিসিপিএ। জিসিপিএ'র পারডুবি অঞ্চল কমিটির কোষাধ্যক্ষ দুলাল বর্মনের কথায়, 'এদিন সাংগঠনিক আলোচনা সহ আগামী মাসে শহিদ দিবস পালনের প্রস্তুতি সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয় এই বৈঠকে।'

### মাদক বাজেয়াপ্ত

**সাহেবগঞ্জ, ৬ অগাস্ট :** নাজিরহাট-২ গ্রাম পঞ্চায়েতের মধ্য মশালডাঙ্গায় একটি বাইক থেকে বাজেয়াপ্ত হল প্রায় ৬০ গ্রাম ইয়াবা ট্যাবলেট। বাইক আরোহীকে গ্রেপ্তার করা হয়। ধৃতের নাম তোফাজ্জল শেখ।

### মশারি বিলি

**কোচবিহার, ৬ অগাস্ট :** বর্ষায় ডেঙ্গি প্রতিরোধে প্রতিটি অঞ্চলে ৬০টি করে মশারি বিতরণের সিদ্ধান্ত নিয়েছে কোচবিহার জেলা পরিষদ। বুধবার ৬০টি অঞ্চলের সদস্যদের হাতে মশারি তুলে দেওয়া হয়।



বন্ধু চল, বলটা দে... কোচবিহার রাজবাড়ির পিছনের মাঠে জয়দেব দাসের ক্যামেরায়।

# দুই মহিলার জামিন

## বহিরাগতদের হামলা নিয়ে ক্ষোভ শহরে

**শিলিগুড়ি, ৬ অগাস্ট :** কলেজ ছাত্রীদের কুকথা বলার অভিযোগে দুই মহিলার উপর বহিরাগতদের হামলা নিয়ে ক্রমশ ক্ষোভ বাড়ছে শিলিগুড়ি শহরে। ওই বহিরাগতদের কারা ডেকেছিলেন, কেন তাঁরা দুই জনপ্রতিনিধির সামনে ওই বাড়িতে ঢুকে আইন নিজেদের হাতে তুলে নিলেন, কেন জনপ্রতিনিধিরা বিষয়টি নিয়ে পুলিশকে পরবর্তীতে কোনও অভিযোগ জানালেন না- বুধবার এমন নানা প্রশ্নে শহর সরগরম হয়ে উঠেছে। বাইরে থেকে লোকজন ডেকে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোয় ওই ছাত্রীদের জড়িত থাকার সমূহ সম্ভাবনা রয়েছে। কিন্তু তাঁদের জিজ্ঞাসাবাদ পর্যন্ত পুলিশ কেন করেনি, এমন প্রশ্নও উঠছে। ঘটনায় রাজনৈতিক রং লাগছে। ঘটনাস্থলে উপস্থিত থাকা তৃণমূল কাউন্সিলার শোভা সুব্বা অবশ্য দাবি করেছেন, তাঁরা মৌখিকভাবে পুলিশকে বিষয়টি জানিয়েছিলেন।

এদিকে, পুরনিগমের ১৭ নম্বর ওয়ার্ডে পাঁচ কলেজ ছাত্রীকে কুকথা বলায় অভিযুক্ত লীলা দত্ত ও রুবি দত্তের জামিন মঞ্জুর করল শিলিগুড়ি মহকুমা আদালত। বুধবার পুলিশ কমিশনার সি সুধাকরকে চিঠি পাঠিয়েছেন শিলিগুড়ির বিধাক শংকর ঘোষ। তাঁর বক্তব্য, 'কুকথার ঘটনায় অভিযুক্ত দুই মহিলার বিরুদ্ধে কলেজ ছাত্রীরা থানায় অভিযোগ জানিয়েছে। পুলিশ তদন্ত করছে। কিন্তু ঘটনাকে সামনে রেখে কিছু নেতা বহিরাগতদের পাঠিয়ে এক অস্থির পরিস্থিতি তৈরি করল। খোদ মেয়রের ওয়ার্ডে এরকম ঘটনা মেনে নেওয়া যায় না।'

আইন হাতে নিয়ে বাড়িতে ঢুকে মারধরের ঘটনার প্রতিবাদ জানিয়েছে

**শিলিগুড়ি**

বঙ্গীয় হিন্দু মহামঞ্চও। ঘটনায় আহত লীলা দত্ত তাঁর ওপর আক্রমণের ঘটনায় শিলিগুড়ি থানায় একটি অভিযোগ দায়ের করেছেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযোগপত্রে নির্দিষ্ট করে কারও নাম দেওয়া হয়নি। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলছেন, 'লীলা একটি অভিযোগ দায়ের করেছেন। নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করা হয়েছে।'

কলেজ ছাত্রীদের কুকথা বলার ঘটনায় মঙ্গলবার পাহাড়-ডুয়ার্স থেকে আসা তরুণ, তরুণীরা প্রতিবাদ জানাতে গোর্খাল্যান্ডের ইস্যুজুড়ে বিভিন্ন ধরনের স্লোগান দিয়েছিল। ইন্ডিয়ান গোর্খা জনশক্তি ফ্রন্টের আহ্বায়ক জিটিএ সদস্য অজয় এডওয়ার্ড। বুধবার তিনি ওই পাঁচ কলেজ ছাত্রীর সঙ্গে রাসবিহারী সরণির ভাড়াবাড়িতে দেখা করতে আসেন। শহরের বাসিন্দা অনিকেশ কর বলেন, 'ওই কলেজ ছাত্রীদের বয়স কম। ওদের নিশ্চয়ই কেউ প্ররোচনা দিয়ে লোক জড়ো করিয়েছে। এর পিছনে আসল অভিসন্ধি কী ছিল, সেটা তদন্ত করা প্রয়োজন।' পেশায় ব্যবসায়ী বিবেক দাস বলেন, 'শহরের এক কাউন্সিলার ও মেয়র পারিষদের সামনেই যদি এমন পরিস্থিতি হয়, তাহলে তো বোঝাই যাচ্ছে, শহরের কী পরিস্থিতি।'



হাকিমপাড়ায় ছাত্রীদের সঙ্গে কথা বলছেন অজয় এডওয়ার্ড। বুধবার।

## তৃণমূলের সঙ্গে কি তাল কাটল, চর্চা জেলায়

# 'বেসুরো' বংশীতে অস্বস্তি

গৌরহরি দাস

**কোচবিহার, ৬ অগাস্ট :** রাজ্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কোচবিহার সফরে এলে তাঁর গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে। ঘটনাটির তীব্র নিন্দা জানালেন দ্য গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের নেতা বংশীবদন বর্মন। তৃণমূল ঘনিষ্ঠ ওই গ্রেটার নেতার এহেন মন্তব্যে চর্চা শুরু হয়েছে রাজনৈতিক মহলে।

সামনের বছর বিধানসভা নির্বাচন। তার আগে দলীয় বিভিন্ন দাবি এবং সমস্যা নিয়ে পুলিশ সুপারকে জানাতে মঙ্গলবার কোচবিহারে এসেছিলেন শুভেন্দু অধিকারী। কোচবিহারে রাজ্যের বিরোধী দলনেতার এই কর্মসূচি আগে থেকেই ঠিক করা ছিল। এই পরিস্থিতিতে কোচবিহার শহর লাগোয়া খাগড়াবাড়িতে শুভেন্দুর গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে।

গ্রেটার নেতা বংশীবদন বর্মন বললেন, 'গণতান্ত্রিক রাষ্ট্রে বিরোধী দলনেতা হোক কিংবা যিনিই হন, সকলের অধিকার রয়েছে পুলিশ ও প্রশাসনের কাছে তাঁদের অভিযোগ বা দাবি জানানোর।' সেখানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পুলিশ সুপারের সঙ্গে দেখা করার জন্য মঙ্গলবার হাইকোর্টের অনুমতি নিয়ে কোচবিহারে এসেছিলেন। তার পরেও এভাবে তাঁর গাড়ি ভাঙচুর কোনওভাবেই মেনে নেওয়া যায় না। তাঁর মতে, 'এটা গণতন্ত্রের পরিপন্থী। বিষয়টির নিন্দা জানাচ্ছি।'

তৃণমূলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিককে বিষয়টি নিয়ে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, 'বর্তমান দেখে ভবিষ্যতের সিদ্ধান্ত বোঝা যায় না। ভবিষ্যতে কার মনে কী আছে, সেটা আগামীই বলবে।'

অন্যদিকে, প্রশ্ন উঠছে তৃণমূল ঘনিষ্ঠ হওয়ার পরেও বিজেপি নেতার পাশে দাঁড়িয়ে এ ধরনের মন্তব্য করলেন কেন বংশী? বংশীবদন যে তৃণমূল ঘনিষ্ঠ, এটা কারও অজানা নয়। এমনকি গত লোকসভা নির্বাচনে রাসমেলার মাঠে তৃণমূল প্রার্থী জগদীশ বর্মা বসুনিয়ার সমর্থনে জনসভাও করতে দেখা গিয়েছে তাঁকে। কিন্তু জেলায় লোকসভা নির্বাচনে জেতার পর কোচবিহারে প্রতিদ্বন্দ্বী তথা আরেক গ্রেটার নেতা নগেন রায়ের বাড়িতে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যাওয়াটা তিনি মেনে নিতে পারেননি। তারপর থেকেই তৃণমূলের সঙ্গে তাঁর দূরত্ব বাড়তে শুরু করে। কয়েকমাস আগে শিলিগুড়িতে মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠকে ডাক পাননি বংশীবদন। উদয়ন গুহর সঙ্গেও তাঁর বনিবনা নেই। ফলে সবমিলিয়ে বংশীর সঙ্গে কোথাও যেন তৃণমূলের তাল একটু কাটতে শুরু করেছে। সে কারণে তৃণমূলকে চাপে রেখে নিজের 'ভাও' বাড়াতেই সম্ভবত তাঁর এ ধরনের মন্তব্য। ফলে বিধানসভা নির্বাচনে তিনি কোন ফুল পছন্দ করবেন, তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। বংশীবদনের অবশ্য কৌশলী উত্তর, 'এ বিষয়ে এখনই কোনও সিদ্ধান্ত নিইনি। রাজনৈতিক পরিস্থিতির উপর নজর রাখছি। বৈঠক করে সিদ্ধান্ত নেব, বিধানসভা নির্বাচনে আমরা কী করব বা কার পাশে থাকব।'



ফাইল চিত্র

এ বিষয়ে এখনই কোনও সিদ্ধান্ত নিইনি। রাজনৈতিক পরিস্থিতির উপর নজর রাখছি। বৈঠক করে সিদ্ধান্ত নেব, বিধানসভা নির্বাচনে আমরা কী করব বা কার পাশে থাকব।

**বংশীবদন বর্মন,** নেতা
দ্য গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশন

**মন্তব্যের নেপথ্যে**

- লোকসভা নির্বাচনে জেতার পর নগেন রায়ের বাড়িতে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আগমন
- কয়েকমাস আগে শিলিগুড়িতে মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠকে ডাক না পাওয়া
- উদয়ন গুহর সঙ্গে বনিবনা না থাকা

**ছোট তারা**



স্নেহা সরকার
দেওয়ানগঞ্জ জুনিয়ার বেসিক স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্রী। পড়াশোনার পাশাপাশি নাচ এবং আবৃত্তি করতে ভালোবাসে।

### পরিদর্শনে বিধায়ক

**চ্যাংরাবান্ধা, ৬ অগাস্ট :** ধরলা নদীর ভাঙন অব্যাহত চ্যাংরাবান্ধায়। যার জেরে আতঙ্কে রয়েছেন এলাকাবাসী। বুধবার চ্যাংরাবান্ধায় ধরলা নদীর ভাঙনকবলিত এলাকাগুলি পরিদর্শন করেন মেখলিগঞ্জের বিধায়ক পরেশচন্দ্র অধিকারী। স্থানীয় বাসিন্দা বিধান সাহার কথায়, 'এদিন নদীভাঙন প্রতিরোধে ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন বিধায়ক।'

অন্যদিকে, বিজিবির বাধায় জন্য জীর্ণদশায় পড়ে ছিল চ্যাংরাবান্ধা বাজার শ্মশানঘাট। সম্প্রতি চ্যাংরাবান্ধা মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সহযোগিতায় সেটির নির্মাণ শুরু হয়েছে। সেই কাজও পরিদর্শন করেন বিধায়ক। বিধায়ক বললেন, 'ধরলার ভাঙনে চ্যাংরাবান্ধার অবস্থা সত্যিই খুব খারাপ। দ্রুত এ বিষয়ে সেচ দপ্তরের কর্তাদের সঙ্গে বৈঠক করব। ভাঙন প্রতিরোধে অবশ্যই পদক্ষেপ করতে হবে।'

### আজ স্নাতকের ফল

**কোচবিহার, ৬ অগাস্ট :** কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা কলেজগুলির স্নাতক স্তরের চূড়ান্ত বর্ষের ফলাফল প্রকাশিত হবে বৃহস্পতিবার বিকেলে। এদিকে, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পেতেই বুধবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং অফিসারদের নিয়ে দুটো মিটিং করলেন মাধবচন্দ্র অধিকারী। সেখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সমস্যা সংক্রান্ত বিষয়ে আলোচনার পাশাপাশি স্নাতক স্তরের চূড়ান্ত বর্ষের ফলপ্রকাশ এবং স্নাতকোত্তরের ভর্তি সংক্রান্ত বিষয়েও আলোচনা হয়। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জানালেন, সরকারি নির্দেশ অনুসারে ৮ তারিখে স্নাতকোত্তরের পোর্টাল খোলা হবে।

### ডুবে মৃত্যু শিশুর

**ঘোকসাডাঙ্গা, ৬ অগাস্ট :** বুধবার মাথাভাঙ্গা-২ ব্লকের রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের পাঁচ নম্বর এলাকায় জলে ডুবে মৃত্যু হল আঠারো মাসের এক শিশুর। মাথাভাঙ্গা-২ ব্লকের বাসিন্দা অর্জুন দাস পেশায় দিনমজুর। তাঁর স্ত্রী পিংকি অন্তঃসত্ত্বা। জানা গিয়েছে, বুধবার বিকেলে বাড়িতে খেলতে খেলতে হঠাৎ বাইরে বেরিয়ে যায় তাঁদের আঠারো মাসের শিশুপুত্র অর্ণব। আচমকা রাস্তার পাশে গর্তে জমে থাকা জলে পড়ে যায় সে। খোঁজাখুঁজির পর অর্ণবকে উদ্ধার করে ঘোকসাডাঙ্গা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

### পাট চাষে দিশা

**সাহেবগঞ্জ, ৬ অগাস্ট :** পাট চাষের নতুন দিশা দেখাতে কৃষকদের নিয়ে বৈঠক করলেন বিজ্ঞানীরা। বুধবার বামনহাটের মহাকালহাট ও চৌধুরীহাটের জায়গির বালাবাড়িতে কেন্দ্রীয় পাট এবং তন্তু গবেষণা সংস্থার ১০ জন বিজ্ঞানী আসেন। সেখানে সবুজ বিপ্লব প্রোডিউসার অর্গানাইজেশন ও উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় পুণ্ডিবাড়ির যৌথ উদ্যোগে কর্মসূচি হয়। বৈঠকে পাট উৎপাদন বৃদ্ধির পাশাপাশি বাজারজাতকরণ ও বহুমুখী ব্যবহার নিয়ে আলোচনা হয়।



সারে জাহাঁ সে আচ্ছা। দিল্লির ইন্ডিয়া গেটে ছবিটি তুলেছেন বিশ্বদীপ মজুমদার।

পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

# দুই সেতু যেন মরণফাঁদ

## সন্ধ্যায় বাড়ি ফিরতে ভয় পান এলাকাবাসী

মনোজ বর্মন

**শীতলকুচি, ৬ অগাস্ট :** শীতলকুচি ব্লকের ভাঐরথানা গ্রাম পঞ্চায়েত এলাকাটি চারদিক নদী দিয়ে ঘেরা। গ্রামে ঢোকার জন্য সেতুই ভরসা। কিন্তু দুটি সেতুই বেহাল অবস্থায় পড়ে রয়েছে। ভারী যানবাহন উঠলে যে কোনও সময় ভেঙে পড়তে পারে। এর ফলে বিপাকে পড়েছেন গ্রামের পঁচিশ হাজার বাসিন্দা। দ্রুত সেতু সংস্কারের দাবি তুললেন তাঁরা। এই প্রসঙ্গে শীতলকুচি পঞ্চায়েত সমিতির সভাপতি মদন বর্মন বলেন, সেতুগুলি অনেকটাই পুরোনো। কোন দপ্তর থেকে তৈরি হয়েছে, তা খতিয়ে দেখে সংশ্লিষ্ট দপ্তরের নজরে দেওয়ার ব্যবস্থা করব। বিষয়টি নজরে আসার পর শীতলকুচি বিডিও সোফিয়া আব্বাস বলেন, 'ভাঐরথানা গ্রাম পঞ্চায়েত ঢোকার মুখে বোচারঘাট সেতু ও আক্রারহাট সংলগ্ন সেতুর হাল ব্লক প্রশাসনের ইঞ্জিনিয়াররা খতিয়ে দেখেছেন। ভারী যানবাহন যাতে না ওঠে সেজন্য সতর্কতা বোর্ড লাগানো হয়েছে।'

আক্রারহাট থেকে ভাঐরথানা ঢুকতে আক্রারহাট বাজার সংলগ্ন বুড়াধরলা নদীর উপর শোভাগঞ্জ সেতু ও পঞ্চারহাট থেকে ভাঐরথানা বাজার ঢুকতে সিংমারি নদীর উপর বোচারঘাটের সেতু স্থানীয় বাসিন্দাদের প্রতিদিন পার হতে হয়। দুটি সেতুর পিলার লোহার রয়েছে। দীর্ঘদিন সংস্কার না হওয়ায় পিলারগুলিতে মরচে ধরে দুর্বল হয়ে গেছে। সেতুর একাধিক জায়গায় ভেঙে গিয়ে লোহার রড বেরিয়ে এসেছে। ভেঙে গিয়েছে সেতুতে থাকা রেলিংগুলিও। ফলে যে কোনও সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। সেতু দুটি বাম আমলে প্রায় ২০ বছর আগে নির্মাণ হয়েছিল। অভিযোগ, সেতু দুটিতে একাধিক জায়গায় ফাটল থাকলেও সংস্কারের বিষয়ে প্রশাসনের কোনও হেলদোল নেই। বাইক, টোটো উঠলেই কেঁপে উঠছে সেতু। ভারী যানবাহন উঠলে যে কোনও সময় ঘটতে পারে দুর্ঘটনা। বাধ্য হয়ে জীবনের ঝুঁকি নিয়েই যাতায়াত করতে হচ্ছে বাসিন্দাদের। সেতু দুটি দিয়ে আক্রারহাট, পঞ্চারহাট, নগর শোভাগঞ্জ, ভাঐরথানা এলাকার কয়েক হাজার বাসিন্দা প্রতিদিন যাতায়াত করে। সেতু পেরিয়ে উৎপাদিত ফসল গোঁসাইরহাট বাজারে তুলতে হয়। এলাকার বাসিন্দা জয়ন্ত বর্মন বলেন, 'বিপজ্জনক অবস্থায় পড়ে আক্রারহাট সংলগ্ন বুড়াধরলা নদীর শোভাগঞ্জ সেতুটি। সেতুতে বড় বড় গর্ত তৈরি হয়েছে। রাতের অন্ধকারে সেতুর গর্তে যানবাহনের চাকা আটকে দুর্ঘটনা ঘটেছে।' শীতলকুচি কলেজের ছাত্রী সায়নী বর্মনের অভিযোগ, বোচারঘাট সেতু পার হয়ে টিউশন ও কলেজে যেতে হয়। যেভাবে বিপজ্জনকভাবে সেতুগুলি রয়েছে, তাতে সন্ধ্যায় বাড়ি ফিরতে ভয় লাগে। জনপ্রতিনিধিরা এই সেতু দিয়ে যাতায়াত করেন। কিন্তু কোনও ব্যবস্থা নিচ্ছেন না।

এই বিষয়ে তৃণমূলকে কাঠগড়ায় তুলেছেন বিজেপির শীতলকুচি ৪ নম্বর মণ্ডল সভাপতি নবীন বর্মন। তিনি বলেন, 'সেতু ভেঙে না পড়লে তৃণমূল সরকারের নজরে আসে না। প্রায় এক বছর আগে ভাঐরথানা ঢোকার মুখে কাছারি ঘাটের সেতু পাথরবোঝাই ডাম্পারের ভারে ভেঙে যায়। এর পরেও শিক্ষা নেয়নি ব্লক প্রশাসন।' সেতু দুটিতে ভারী যানবাহন ওঠা বন্ধ করা উচিত বলে মনে করেন বিজেপি নেতা।



শোভাগঞ্জের সেতুতে গর্তে বিপদের আশঙ্কা।

# টোটোচালকের পরিচয়ে গাঁজা পাচার শিলিগুড়িতে

**শিলিগুড়ি, ৬ অগাস্ট :** বাড়ির মালিকের কাছে তার পরিচয় একজন সাধারণ টোটোচালক। বাড়িতে প্রায়দিনই টোটো নিয়ে আসায় এবং প্রায়দিনই তার সঙ্গে আরও দুজন টোটোচালক যাতায়াত করায়, এ ব্যাপারে নিশ্চিত ছিলেন বাড়ির মালিক। তাছাড়া মাসান্তে ভাড়া বাবদ ২ হাজার ১০০ টাকা হাতে চলে আসায় ভাড়াটিয়া সম্পর্কে তেমন খোঁজখবর করতে যাননি তিনি। মাথায় হাত পড়ল মঙ্গলবার রাতে ভক্তিনগর থানার পুলিশ বাড়িতে পৌঁছানোর পর।

শাস্ত্রীনগরের ওই বাড়ির মালিক কিছুক্ষণের মধ্যে জানতে পারলেন, ১৭ কেজি গাঁজা সহ পুলিশের জালে ধরা পড়েছে ভাড়াটিয়া আশুতোষ বিশ্বাস সহ তার দুই বন্ধু উত্তম সরকার ও উজ্জ্বল সরকার। পুলিশ যখন অভিযান চালায়, তখন তাঁরা তিনজন মিলে গাঁজার ভাগাভাগিতে ব্যস্ত।

জেরায় পুলিশ জানতে পেরেছে, কোচবিহারের চিলকির হাটের বাসিন্দা আশুতোষ শুধু ভাড়ায় টোটো চালাতে শহর শিলিগুড়িতে আসেননি, এখানে আসার তাঁর মূল উদ্দেশ্য মালদা, গঙ্গারামপুরের মতো জায়গাগুলিতে গাঁজা পাচার।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, প্রায় আড়াই মাস আগে শহর শিলিগুড়িতে আসে আশুতোষ। সে সময় থেকে শাস্ত্রীনগর এলাকায় একটি বাড়িতে দুটি ঘর ভাড়া নিয়ে বসবাস শুরু করে। প্রথমদিকে অবশ্য গঙ্গারামপুরের বাসিন্দা উত্তম ও উজ্জ্বলের সঙ্গে পরিচয় ছিল না আশুতোষের। পেশায় টোটোচালক উত্তম ও উজ্জ্বল শহর শিলিগুড়িতে পৃথক জায়গায় ভাড়া থাকে। এক মাস আগে উত্তম ও উজ্জ্বলের সঙ্গে বন্ধুত্ব হয় আশুতোষের। গাঁজার ব্যবসার পরিধি বাড়ানোর জন্য শহরের টোটোচালকদের সঙ্গে পরিচিত হয় আশুতোষ।

বাড়তি টাকা রোজগারের লোভ দেখিয়েই উত্তম ও উজ্জ্বলকে নিজের ব্যবসায় জড়িয়ে ফেলতে সমর্থ হয় আশুতোষ। আশুতোষ প্রায় সময় কোচবিহার থেকে গাঁজা নিয়ে আসত। এরপর উত্তম-উজ্জ্বলের মাধ্যমে শহর

**ধৃত কোচবিহারের বাসিন্দা**

শিলিগুড়ি সহ উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় পাঠিয়ে দিত। মঙ্গলবার রাতেও কোচবিহার থেকে ১৭ কেজি গাঁজা নিয়ে এসে পাচারের পরিকল্পনা ছিল। কোথায় কত গাঁজা পাঠানো হবে, সেই ভাগ যখন করছিল তারা, সে সময়ই গোপন সূত্রের খবরের ভিত্তিতে হানা দেয় পুলিশ।

ভক্তিনগর থানার সাদা পোশাকের পুলিশ ওই ভাড়াবাড়িতে হানা দিতেই ধরা পড়ে যায় তিনজন। তাদের গ্রেপ্তার করে পুলিশ। ধৃতদের বুধবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন বিচারক।

# কামতেশ্বরী সেতু বদলে দিয়েছে জীবনযাত্রা

অমৃতা দে

**সিতাই, ৬ অগাস্ট :** একটি সেতু বদলে দিয়েছে আশপাশের এলাকার মানুষের জীবনযাত্রা। কথা হচ্ছে সিঙ্গিমারি নদীর ওপর তৈরি দেবী কামতেশ্বরী সেতুর। এই সেতু যে শুধু যোগাযোগ ব্যবস্থাকে সহজ করেছে তা নয়, এলাকার ব্যবসা-বাণিজ্য ও এলাকাবাসীর জীবন পালটে দিয়েছে।

বহু বছর ধরে সিতাই ও দিনহাটাবাসী যাতায়াতের সমস্যায় ভুগছিলেন। নৌকা ছাড়া যাতায়াতের বিশেষ কোনও মাধ্যম ছিল না। এর জন্য খরচ বেশি হত। স্কুল, বাজার ও হাসপাতালে যাতায়াতের ক্ষেত্রে সাধারণ মানুষ ভোগান্তির শিকার হতেন।

বেশ কয়েক বছর আগে কামতেশ্বরী সেতু উদ্বোধনের পর আশপাশের এলাকায় পরিবর্তন এসেছে। যাতায়াত ব্যবস্থা দ্রুত ও নিরাপদ হয়েছে। সেতুটিকে ঘিরে গড়ে উঠেছে একাধিক চায়ের দোকান, ছোট ছোট খাবারের দোকান ও অন্যান্য ক্ষুদ্র ব্যবসা।

স্থানীয় কৃষকরা খুব সহজে তাঁদের উৎপাদিত পণ্য নিয়ে শহরের বাজারে পৌঁছে যাচ্ছেন। ব্যবসার সুযোগ বেড়েছে। অন্যদিকে, দুপুর গড়িয়ে বিকেল শুরু হতে ব্রিজের ওপর পর্যটকদের ভিড় জমে। সিঙ্গিমারি নদীর অপরূপ দৃশ্য দেখতে আশপাশ থেকে তো বটেই দূরের থেকেও অনেকে এখানে আসেন। কিছুটা সময় কাটিয়ে যান এই সেতুর ওপর। পর্যটক আসায় স্থানীয় ব্যবসায়ীরা উপকৃত হচ্ছেন।

স্থানীয় ব্যবসায়ী রূপচাঁদ রায় প্রায় ৩০ বছর ধরে ওই সেতুর একধারে ছোট একটি দোকান চালান। দোকানে ঝালমুড়ি, পান, এবং মরশুমি ফল বিক্রি করেন। রূপচাঁদের কথায়, 'সারাদিনে প্রায় ৫ হাজার টাকার জিনিস বিক্রি হয়। তা দিয়ে আমার সংসার খুব সুন্দরভাবে চলে যায়। সবকিছু সম্ভব হয়েছে এই সেতুর জন্য।'

স্থানীয়দের মতে, এই সেতুটি শুধু একটি কাঠামো নয়। উন্নয়নের পথে এগিয়ে চলার এক নতুন অধ্যায়। স্থানীয়দের জীবনযাত্রায় ইতিবাচক পরিবর্তন এনে দিয়েছে কামতেশ্বরী সেতু।

সেতুর কাছাকাছি এলাকায় বাড়ি গৌরাঙ্গ অধিকারীর। তিনি প্রায় ২০ বছর ধরে সেতুর ধারে চায়ের দোকান চালাচ্ছেন। তাঁর কথায়, 'আগে যাঁরা নৌকা করে যাতায়াত করতেন শুধু তাঁরা দোকানে দাঁড়িয়ে চা খেতেন। তবে, যেদিন থেকে নদীর ওপর এই সেতুর উদ্বোধন হয়েছে সেদিন থেকে শুধু পথচারীরা নয় যাঁরা সেতুতে ঘুরতে আসেন এবং যাঁরা সেতু দিয়ে যাতায়াত করেন তাঁরাও মাঝেমধ্যে সেতুর সামনে দাঁড়িয়ে চা খেয়ে যান। ফলে প্রতিদিন বেশ ভালোই বিক্রি হয়।'

সেতুর পাশে যে শুধু চায়ের দোকান রয়েছে তা নয়। স্থানীয় অনেকে এই নদী থেকে মাছ ধরে বিকেলবেলা সেগুলি সেতুর ধারে বসে বিক্রি করেন। যাতায়াতের পথে অনেকে সেই মাছ কিনে নিয়ে যান। পথচারীরা যেমন নদীর টাটকা মাছ পাচ্ছেন তেমন মাছ ব্যবসায়ীরা কিছু বাড়তি আয় করতে পারছেন। স্বভাবত কামতেশ্বরী সেতু সিতাই ও দিনহাটাবাসীদের জীবনে নতুন দিগন্ত খুলে দিয়েছে।



আগে যাঁরা নৌকা করে যাতায়াত করতেন শুধু তাঁরা দোকানে দাঁড়িয়ে চা খেতেন। তবে যেদিন থেকে নদীর ওপর এই সেতুর উদ্বোধন হয়েছে সেদিন থেকে শুধু পথচারীরা নন, যাঁরা সেতুতে ঘুরতে আসেন তাঁরাও মাঝেমধ্যে সেতুর সামনে দাঁড়িয়ে চা খেয়ে যান। ফলে প্রতিদিন বেশ ভালোই বিক্রি হয়।

**গৌরাঙ্গ অধিকারী**
স্থানীয় বাসিন্দা



ছোট্ট তারা

কৃশিব রায় খাগড়াবাড়ি সেন্ট জেভিয়ার্স পাবলিক স্কুলের নাসারির পড়ুয়া। এই খুদের কবিতা পাঠ ও গানের গলা সকলকেই তাক লাগিয়ে দিয়েছে।

# ল্যাজেগোবরে মেডিকেল

## রেডিওলজি বিভাগে কর্তাই ডুমুরের ফুল

**তন্দ্রা চক্রবর্তী দাস**

**কোচবিহার, ৬ অগাস্ট :** দিনের পর দিন কর্তব্যে গাফিলতির অভিযোগ উঠল রেডিওলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ দেবীশংকর ঘোষহাজরার বিরুদ্ধে। অভিযোগ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের ওই বিভাগের দায়িত্বে থাকলেও মাসে সাত-আটদিন মাত্র কোচবিহারে থাকেন তিনি। এর ফলে চিকিৎসা করাতে এসে ভোগান্তির শিকার হচ্ছেন রোগী এবং তাঁদের আত্মীয়রা।

এমনিতেই রেডিওলজি বিভাগে পর্যাপ্ত সংখ্যক ডাক্তার নেই। অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদগুলো ফাঁকা। মাত্র একজন প্রফেসর এবং একজন রেসিডেন্ট মেডিকেল অফিসার দিয়ে চলছে এই বিভাগ। তবে শুধু যে বিভাগীয় প্রধানকেই হাসপাতালে পাওয়া যায় না তা নয়, এখানে যিনি আরএমও রয়েছেন সেই ডাঃ অনিন্দিতা রায়েরও খুব একটা দেখা মেলে না হাসপাতালে। বর্তমানে একজন সিনিয়ার রেসিডেন্ট রয়েছেন ওই বিভাগে। এই পদটি সাময়িক সময়ের জন্য হলেও, বিভাগের সব দিকটাই এখন সামলাতে হচ্ছে এসআর যিনি আছেন সেই ডাঃ সৌরভময় তালুকদারকে। এই বিষয়ে খুব একটা মুখ খুলতে না চাইলেও বিভাগীয় প্রধান না থাকায় যে কাজের একটা চাপ পড়ে যায় তা তিনি কার্যত স্বীকার করে নিয়েছেন।



*এমজেএন মেডিকেল কলেজে ফাঁকা এক্স-রে বিভাগ। –সংবাদচিত্র*

এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে দু'ধরনের এক্স-রে করা হয়। মূলত সমস্যা দেখা দেয় সাধারণ এক্স-রে এবং ইউএসজির ক্ষেত্রে। হাসপাতালের প্রতি মাসে গড়ে ৫০০টি মতন এক্স-রে ও ২৩০০টির মতো ইউএসজি হয়। সেক্ষেত্রে রেডিওলজির বিভাগীয় প্রধানের অনুপস্থিতিতে এই পরীক্ষাগুলোর অনুমোদনের স্বাক্ষর করার দায়িত্ব বর্তায় এমএসভিপির ওপর। রেডিওলজিস্টরা নিয়মিত না থাকায় সাধারণ এক্স-রে এবং ইউএসজির ক্ষেত্রে রোগীদের ডেট এবং রিপোর্ট পেতে সমস্যা দেখা যায়। সময়মতো রিপোর্ট না পাওয়ায় রোগীর আত্মীয়দের যেমন হয়রানি হতে হয় এবং সেই অভিযোগও শুনতে হয় এমএসভিপিকেই। এমনও হয় প্রায় ১৫ থেকে ২০ দিন পর ইউএসজির ডেট পড়ে। সেক্ষেত্রে অনেক রোগীই সরকারি পরিষেবা থেকে বঞ্চিত হন।

কোচবিহার মেডিকেল কলেজে রেডিওলজিতে ডিপ্লোমা কোর্স পড়ানো হয়ে থাকে। অভিযোগ সেখানেও বিভাগীয় প্রধান কোনও ক্লাস নেন না। কাজের গাফিলতির জন্য তাঁকে শোকজ করতে বাধ্য হয়েছেন এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রিন্সিপাল ডাঃ নির্মলকুমার মণ্ডল। রেডিওলজির বিভাগীয় প্রধান যে দিনের পর দিন হাসপাতালে আসেন না এবং নিজের দায়িত্ব পালন করেন না তা কার্যত স্বীকার করে নিয়েছেন হাসপাতালের মেডিকেল সুপারিন্টেন্ডেন্ট ও ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডাঃ সৌরদীপ রায়। তাঁর কথা অনুযায়ী, বহুবার বলা সত্ত্বেও তাঁকে শোধরানো যায়নি। এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে বর্তমানে আধার লিংক ফেসিয়াল বায়োমেট্রিক সিস্টেম চালু হয়েছে। অথচ তিনি সেখানে নাকি কোনওরকম উপস্থিতি দেন না। সেই অর্থে হাসপাতালে তাঁর উপস্থিতি শূন্য। এমনটাই জানা গেল প্রিন্সিপাল এবং এমএসভিপির কাছ থেকে। এসব কিছুই স্বাস্থ্য ভবনে বারবার জানানো হয়েছে বললেন প্রিন্সিপাল। তাঁর কথায়, 'সকলে যদি নিজের কাজ ঠিকমতো দায়িত্ব নিয়ে পালন করেন তাহলে রোগীদের পরিষেবা দিতে কোনও সমস্যা হওয়ার কথা নয়।'

এই বিষয়ে জানতে আরএমও-কে ফোন করলে ফোন না তোলায় তাঁর কোনও বক্তব্য জানা যায়নি। দিনের পর দিন কেন হাসপাতালে আসেন না তার কারণ জানতে চেয়ে ফোন করায় ডাঃ দেবীশংকর ঘোষহাজরা এই বিষয়ে কোনও রকম মন্তব্য করতে রাজি হননি। তাঁর বক্তব্য, 'যা বলার হাসপাতাল সুপার বলবেন।' এ প্রসঙ্গে রোগীকল্যাণ সমিতির সদস্য অভিজিৎ দে ভৌমিক বলেন, 'আমাদের কোনও মিটিংয়ে এই প্রসঙ্গ কখনোই তোলা হয়নি। রোগীদের স্বার্থেই রেডিওলজি বিভাগের বেহাল অবস্থার কথা হাসপাতাল কর্তৃপক্ষর আমাদেরকে জানানো উচিত ছিল। এখন যখন বিষয়টি সম্পর্কে জানতে পারলাম, তখন অবশ্যই কিছু একটা ব্যবস্থা করার চেষ্টা করব।' তবে রেডিওলজি বিভাগ নিয়ে যে ল্যাজেগোবরে হয়ে আছে এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ তা বলাই বাহুল্য।

### সমস্যা কবুল

- এমজেএন মেডিকেলের রেডিওলজি বিভাগের দায়িত্বে রয়েছেন ডাঃ দেবীশংকর ঘোষহাজরা
- গুরুত্বপূর্ণ পদে থাকলেও তিনি কোচবিহারে থাকেন মাসে সাত-আটদিন মাত্র
- এর ফলে চিকিৎসা করাতে এসে ভোগান্তির শিকার হচ্ছেন রোগী এবং তাঁদের আত্মীয়রা
- হাসপাতালের সকলেই স্বীকার করেছেন প্রধানের অনুপস্থিতিতে কাজে সমস্যা হচ্ছে

### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**
(বুধবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ২ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ২ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ১ |

## হিরোশিমা দিবস

**কোচবিহার, ৬ অগাস্ট :** ইউনিভার্সিটি বিটি অ্যান্ড ইভনিং কলেজে বিএড বিভাগ এবং বিজ্ঞানমঞ্চের উদ্যোগে বুধবার হিরোশিমা দিবস পালন করা হয়। আলোচনাচক্র ছাড়াও পড়ুয়ারা যুদ্ধবিরোধী সংগীত পরিবেশন করে। অনুষ্ঠানে ছিলেন কলেজের টিআইসি রফিকউজ্জামান, অধ্যাপক অনিরুদ্ধ বর্মন, শিক্ষক নির্মল দে প্রমুখ।

## কলেজে অনুষ্ঠান

**কোচবিহার, ৬ অগাস্ট :** কোচবিহার কলেজে বুধবার উপভোক্তা ক্লাব এবং ক্রেতা সুরক্ষা দপ্তরের উদ্যোগে একটি অনুষ্ঠান হয়। এরপর সরকারি নির্দেশ মেনে কলেজে স্কলারশিপ প্রদান সংক্রান্ত বিষয়ে আরেকটি অনুষ্ঠান হয়। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ পঙ্কজ দেবনাথ সহ অন্য অধ্যাপকরা।



*কোচবিহার ট্রাফিক সামলাতে পুলিশের হাতে এল ১০টি বাইক। ছবি : জয়দেব দাস*

# যানজট রুখবে বাইক

**কোচবিহার, ৬ অগাস্ট :** কোচবিহারের যানজট সামলাতে নতুন উদ্যোগ নিল কোচবিহার জেলা পুলিশ। এবার থেকে যানজটের সমস্যা মেটাতে পুলিশ জেলাজুড়ে মোটরবাইকে করে টহল দেবে। এই মর্মে বুধবার পুলিশের পক্ষ থেকে ১০টি বাইক নিয়ে মহড়া দেওয়া হয়। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য, দুই অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মিনা এবং সন্দীপ গড়াই সহ পুলিশের আধিকারিক মোটরবাইক নিয়ে ঘুরে ঘুরে ট্রাফিক পরিস্থিতি খতিয়ে দেখেন। পুলিশ সুপার বলেছেন, 'মোটরবাইক নিয়ে টহল দিলে ট্রাফিক ব্যবস্থা উন্নত হবে। গোটা জেলাতেই মোটরবাইকের সাহায্যে ট্রাফিক পরিস্থিতির উপর নজরদারি চলবে।'

যানজট কোচবিহার জেলার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা। এই জেলায় বিভিন্ন গাড়ির চালকদের মধ্যে সচেতনতার চূড়ান্ত অভাব লক্ষ করা যায়। এর সঙ্গে ফুটপাথ দখলের প্রবণতা যুক্ত হয়ে সমস্যা আরও বাড়িয়েছে। বিভিন্ন মোড়ে ট্রাফিক পুলিশ এবং সিভিক ভলান্টিয়ার থাকলেও, নিয়মিত টহলদারি হয় না বলে অভিযোগ। এবার থেকে মোটরবাইকে করে নিয়মিত টহল দেওয়া হবে বলে পুলিশ জানিয়েছে।

মহিলাদের সুরক্ষার জন্য কয়েকবছর ধরেই কোচবিহারে চালু রয়েছে 'উইনার্স টিম'। পুলিশের কয়েকজন মহিলা কর্মী স্কুটার নিয়ে বিভিন্ন জায়গায় টহল দেন। মহিলাদের নিরাপত্তা সংক্রান্ত অপ্রীতিকর কিছু দেখলেই তাঁরা দ্রুত ব্যবস্থা নেন। এবার সেই উইনার্স টিমের ধাঁচেই মোটরবাইক নিয়ে পুলিশ জেলাজুড়ে যানজটের সমস্যা মেটাবে।

পুলিশ জানিয়েছে, কোথাও হঠাৎ করেই যানজট তৈরি হলে কিংবা ট্রাফিক সম্পর্কিত কোনও সমস্যা দেখা গেলে মোটরবাইকে করে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাওয়া যাবে। এছাড়া চালকরা নিয়ম মেনে যানবাহন চালাচ্ছেন কি না সেদিকে নজর রাখতেও সুবিধা হবে। পাশাপাশি নিয়মিত টহলদারির ফলে সাধারণ মানুষের সুরক্ষা বাড়বে বলে পুলিশের তরফে দাবি করা হয়েছে।

# ভবনের ভাড়া কমাল পুরসভা

**দিনহাটা, ৬ অগাস্ট :** সামাজিক ভবনের ভাড়া কমানোর সিদ্ধান্ত নিল দিনহাটা পুরসভা। দীর্ঘদিন ধরেই ভাড়া কমানোর বিষয়টি নিয়ে দাবি জোরালো হচ্ছিল। অবশেষে বুধবারের বোর্ড মিটিংয়ে নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি সদন, কমল গুহ ভবনের ভাড়া কমানোর সিদ্ধান্ত গৃহীত হল। ভাড়া কমায় স্বস্তিতে সাংস্কৃতিক মহল। পুরসভার চেয়ারপার্সন অপর্ণা দে নন্দী বলেন, '১৬টি ওয়ার্ডের কাউন্সিলারদের সঙ্গে উন্নয়নমূলক কাজ নিয়ে আলোচনা হল। সামাজিক ভবনগুলোর ভাড়া কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

দিনহাটা সংস্কৃতিচর্চার অন্যতম কেন্দ্র নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি সদনের আগে ভাড়া ছিল ১৫ হাজার টাকা। এবার তা কমিয়ে করা হল ১০ হাজার টাকা। নবনির্মিত কমল গুহ ভবনের ভাড়া ৪০ হাজার টাকা থেকে কমিয়ে ৩০ হাজার টাকা করা হল। বাচিকশিল্পী শিলাদিত্য রায় এ প্রসঙ্গে বলেন, 'সামাজিক ভবনগুলোর ভাড়া কমানোর যে উদ্যোগ দিনহাটা পুরসভার নিল, তাতে বেশ ভালো হয়েছে। আমরা সারাবছর বিভিন্ন অনুষ্ঠান করি। এবার খরচের দিক থেকে অনেকটাই সুরাহা মিলল।' চিত্রশিল্পী রথীন্দ্রনাথ সাহা বলেন, 'অনেকদিন ধরে ভাড়া কমানোর দাবি করা হচ্ছিল। অবশেষে তা প্রাধান্য পাওয়ায় আমরা খুশি।'

দিনহাটা শহরের একাধিক ওয়ার্ডের রাস্তা ও নিকাশিনালা সংস্কার নিয়েও বোর্ড মিটিংয়ে আলোচনা হয়। রাস্তা সহ নিকাশিনালা সংস্কারে বিধায়ক তহবিল থেকে অর্থ সাহায্য চাওয়া হয়েছিল বলে জানান পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহাচৌধুরী। ওই দাবি মেনে বিধায়ক উদয়ন গুহ তাঁর তহবিল থেকে ৪০ লক্ষ টাকা পুরসভার উন্নয়নমূলক কাজের জন্য মঞ্জুর করেছেন। খুব শীঘ্রই টেন্ডার ডেকে পুজোর আগেই রাস্তা ও নিকাশিনালা সংস্কারের কাজ শুরু হবে।



*এনএনএম হাইস্কুলের সামনে ছেলেকে নিয়ে রাখি কিনছেন মা। –সংবাদচিত্র*

## তুফানগঞ্জে নজর কাড়ছে

# ভাবি রাখি



**বাবাই দাস**

**তুফানগঞ্জ, ৬ অগাস্ট :** টোটো হোক কিংবা রাস্তার ধার। এখন রাখির ছয়লাপ চারদিকে। শুক্রবার রাখিপূর্ণিমা। আর তার আগে রাখির পসরা সাজিয়ে বসেছেন ব্যবসায়ীরা। শহরের এনএনএম হাইস্কুলের সামনে, ইলেক্ট্রিক অফিস রোড কিংবা ধরের মোড় দিয়ে গেলে চোখে আটকাচ্ছে এমনই ছবি। তবে চিরাচরিত রাখির ডিজাইন নয়, রয়েছে কার্টুন চরিত্র থেকে শুরু করে মিলছে লাইটিং ও ভাবি রাখি।

বুধবার আদি কালীবাড়ি মোড়ে দাঁড়াতেই দেখা গেল ছোটা ভিম, ডোরেমন, টম অ্যান্ড জেরি, মোটু পাতলু রাখি নিয়ে ঘরে ফিরছে ছোটরা। দু'চারজনের হাতে রয়েছে আবার লাইটিং রাখিও। এই রাখির বিশেষত্ব হল প্লাসিকের তৈরি একটি গাড়ির ভিতরে রয়েছে লাইট। সুইচ টিপলেই রংবেরঙের আলো ছড়িয়ে পড়ছে। তাতেই খুশি আট থেকে আশি।

বক্সিরহাটের ব্যবসায়ী অরিন্দম দেবনাথ। এ বছর এনএনএম হাইস্কুলের সম্মুখে টোটোতে করে রাখি বিক্রি করছেন। তিনি জানালেন, এবারে চাহিদার কারণে আমরা লাইটিং ও ভাবি রাখি বেশি পরিমাণে তুলেছি। খুচরোতে ৩০-৪০ টাকা পিসে বিক্রি করতে হচ্ছে। লোকজন খুশি। বিশেষ করে যারা নিজেদের আবেগের সঙ্গে উৎসবকে জড়িয়ে দেখেন। তারা ভাবি রাখি বেশি করে কিনছেন।

এদিন ইলেক্ট্রিক অফিস রোডে রাখি কিনতে এসে শর্মিলা দত্ত বলেন, 'ছেলে বায়না ধরেছে, ছোট ভাইকে পরাবে বলে লাইটিং রাখি চাই। তাই আবদার মেটাতে কিনে নিতে হল।' দোকানগুলিতে শুধু যে কার্টুনের সম্ভারই রয়েছে এমনটা নয়। বড়দের জন্য রয়েছে ময়ূর, পাখি, পাথর বসানো রাখি, দড়ি রাখিও।



আরেক ক্রেতা চৈতন্য বসাক বলেন, 'আমাদের সময় বোনেরা নিজ হাতে তৈরি রাখি পরিয়ে দিতেন ভাইয়ের হাতে—তাতে থাকত আবেগ আর নিখাদ আন্তরিকতা। আর এখন? প্রযুক্তির যুগে এসে রাখিতেও যোগ হয়েছে টেক টাচ! আর তাতেই আবেগ আর আধুনিক প্রযুক্তির মেলবন্ধন ঘটাচ্ছে।' ধরের মোড় এলাকার রাখি বিক্রেতা কৌশিক দে বলেন, 'মূলত শেষ দু'দিনই জমজমাট বিক্রি হয়। তবে এবছর এখন থেকেই অনেকেই ডজন ধরে রাখি কিনছে। তাতে দামও অনেকটাই কম পড়ছে। সব মিলিয়ে উৎসবের আগে বেশ জমজমাট তুফানগঞ্জের রাখির বাজার।'

### বৌদির জন্য

- অবাঙালিদের মধ্যে রাখিবন্ধনের দিন ভাই বা দাদার সঙ্গে বৌদিকেও রাখি পরানো হয়
- ভাইয়ের জন্য কেনা রাখি বোনরা তাঁদের হতে বেঁধে দেন ও মিষ্টিমুখ করান
- বৌদিদের জন্য কেনা রাখি সাধারণত লুম্বা রাখি নামে পরিচিত
- এই রাখি সাধারণত বৌদিদের হাতের চুড়িতে বেঁধে দেওয়া হয়
- দাদা-বৌদির জন্য ভালোবাসা এবং শ্রদ্ধার প্রতীক হিসেবে এই রাখি বিবেচিত হয়

uttarbangasambad.com



অন্তর্জালে মাত্র
এক মাইল মেইল
দূরে আমরা

যে কোনও বিষয়ে লেখা পাঠাতে কিংবা পরামর্শের জন্য ই-মেইল করুন

যে কোনও জরুরি প্রয়োজনে হোয়াটসঅ্যাপে জুড়তে পারেন
9735739677

বাংলার রোববারে লেখা পাঠাতে
ubsrobbar@gmail.com
জনমতে চিঠি দিতে
janamat.ubs@gmail.com
উত্তর সম্পাদকীয়তে লিখতে
ubsedit@gmail.com
সাংস্কৃতিক অনুষ্ঠানের আমন্ত্রণ জানাতে
uttorerlekha@gmail.com
চিত্রে চিত্রায়ত প্রতিযোগিতায় অংশ নিতে
photocontestubs@gmail.com
উত্তরের তারকাদের হদিস দিতে
taraderkathaubs@gmail.com
নন্দিনীর পাতায় রেসিপি কিংবা টিপস শেয়ার করতে
nandiniuttarbanga@gmail.com
চিকিৎসা কিংবা গবেষণা সংক্রান্ত লেখা পাঠাতে
health.uttarbanga@gmail.com
পড়াশোনার টিপস কিংবা শিক্ষামূলক লেখা লিখতে
porasona.ubs@gmail.com
চাষবাস সম্পর্কিত তথ্য কিংবা ছাদবাগান নিয়ে জানাতে
krishi.ubs@gmail.com
পাঠকের লেন্সে ছবি পাঠাতে
picforubs@gmail.com
ক্যাম্পাস বিভাগে স্কুল-কলেজের খবর জানাতে
ubscampus2@gmail.com
শিশু-কিশোর বিভাগে গল্প-কবিতা-ছবি দিতে
ubssishukishor@gmail.com
সরাসরি সম্পাদক
editor.uttarbanga@gmail.com

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

